গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
www.bcti.gov.bd

নং- ১৫.৬৪.০০০০.২০১.১১.০০১.২৪.২৫৫৬

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্মারক নং-১৫.০০.০০০০.০৪১.১১.০০৪.১৬.২১৬ তারিখ: ২৪ এপ্রিল ২০২৪ খ্রি. এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর রাজস্ব খাতভুক্ত ১৪-১৬ গ্রেডের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ)<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০২ (দুই)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে শব্দের গতি প্রতি মিনিটে-<br>(অ) বাংলায় ৫০ (পঞ্চাশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ৮০ (আশি) শব্দ। |
| ০২ | সাউন্ড রেকর্ডিস্ট<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ০৩ | প্রজেকশনিস্ট<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ০৪ | স্টোর কিপার<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ০৫ | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ০৬ | রেজিস্ট্রেশন সহকারী<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রশাসনিক কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ০৭ | পরীক্ষা সহকারী<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রশাসনিক কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ০৮ | লাইব্রেরি সহকারী<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ০৯ | চলচ্চিত্র ক্যাটালগার<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ১০ | ফটোগ্রাফার<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফি ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষ। |
| ১১ | প্রকাশনা সহকারী<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রকাশনা কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) ইলাস্ট্রেটর, ফটোশপ, ইনডিজাইন বা সংশ্লিষ্ট অন্যান্য সফটওয়্যার চালনায় দক্ষ। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০৯ (নয়)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে-<br>(অ) বাংলায় ২০ (বিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ২০ (বিশ) শব্দ। |
| ১৩ | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪ | ইলেক্ট্রিশিয়ান<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ। |
| ১৫ | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। |

## আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী

(০১) ১০.১০.২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা:

(ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১০.১০.২০২৪ খ্রি. তারিখে বয়স সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।

(খ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

(০২) শুধু বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন;

(০৩) কোনো পদে নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হবেন না যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(০৪) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

(০৫) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে;

(০৬) প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

(০৭) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(০৮) সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

(০৯) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে;

(১০) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবল মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যায়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবি উল্লেখসহ সিলমোহর) কর্তক সম্পাদিত হতে হবে;

(১১) মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ০৬ (ছয় মাসের অধিক পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়;

(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি;

(ঘ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে বীর মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(চ) ডাউনলোডকৃত Applicant's & Admit Card Copy-এর রঙিন প্রিন্ট কপি।

(১২) কেউ প্রকৃত তথ্য ও যোগ্যতা গোপন করে অথবা ভুল/মিথ্যা তথ্য দিয়ে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১৩) প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোনরকম ভ্রমণভাতা বা দৈনিকভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না;

(১৪) নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে; এবং

(১৫) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**(১৬) আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://bcti.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৬ অক্টোবর, ২০২৪; সকাল ১০:০০টা।**

(২) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৫ নভেম্বর, ২০২৪ রাত ১১:৫৯ মিনিট।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, যেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকা মোট ২২৩/- (দুই শত তেইশ) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BCTI<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BCTI ABCDEF

Reply: Addressing applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is xxxxxxx. To pay fee Type BCTI <space> Yes <space> PIN and Send to 16222

দ্বিতীয় SMS: BCTI<space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BCTI YES XXXXXXXX

Reply: Congratulations applicant's Name, payment completed successfully for BCTI application for the post of XXXXXXXX, User ID: (XXXXXXXX) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bcti.teletalk.com.bd অথবা বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের ওয়েবসাইট www.bcti.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. 'শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: BCTI <space> Help <space> User ID & Send to 16222.

Example BCTI HELP USER ABCD.

ii. PIN Number জানা থাকলে: BCTI <space> Help <space> PIN No & Send to 16222.

Example: BCTI HELP PIN 123456 & send to 16222.

ঝ. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BCTI, Post Name: ***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

০৮/১১/২০১৮

মোঃ মোকছেদ হোসেন
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য-সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট